

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা  
[www.kkcp.gov.bd](http://www.kkcp.gov.bd)


স্মারক: ৩২.০১.০০০০.০০৩.২৭.০৬০.২১- ১৬৮৩

তারিখ: ০৭/০৯/২০২২ খ্রি:।

বিষয়: জৈন্তাপুর উপজেলার চিকনাগুল ইউনিয়নের কিশোর কিশোরী ক্লাবে ১০ বছরের কম বয়সী সদস্য থাকার বিষয়ে ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের সুযোগ্য মহাপরিচালক মহোদয় গত ০৩/০৯/২০২২ তারিখ আপনার সিলেট জেলার আপনার দায়িত্বপ্রাপ্ত জৈন্তাপুর উপজেলার চিকনাগুল ইউনিয়নের কিশোর কিশোরী ক্লাব পরিদর্শন করেন। বর্ণিত ক্লাবে ১০ বছরে নিচের বয়সের ১০ জন সদস্য আছে মর্মে জানা যায়। অথচ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ডিপিপি অনুযায়ী ক্লাব সদস্যদের বয়স হতে হবে ১০-১৯ বছরের মধ্যে। এতে প্রতিয়মান হয় যে, আপনি প্রকল্পের আইন পরিপন্থি কার্যকলাপে সহযোগীতা করেছেন।

০২। এমতাবস্থায়, কর্তব্যে অবহেলা প্রদর্শন, ১০ বছরের কম বয়সের শিশু কিশোর কিশোরী ক্লাবে ক্লাবে ভর্তি করানো এবং ক্লাবের স্বার্থ বিরোধী তথা প্রকল্প বিরোধী কর্মকাণ্ডে লিপ্ত থাকায় কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে না তার জবাব আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে দাখিলের জন্য বলা হল।

  
(মো: তরিকুল আলম)

(অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক (অ:দা:)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

জনাব তাসলিমা

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

জৈন্তাপুর, সিলেট।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, সিলেট।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর/ জৈন্তাপুর, সিলেট।
- ৪। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট।
- ৫। অফিস কপি।